গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ১৮৪/২০১৮-২০১৯
ঢাকা, সোমবার ২৫ মার্চ ২০১৯, ১১ চৈত্র ১৪২৫
আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১।  আজ ২৫ মার্চ গণহত্যা দিবস
২।  আজ স্বাধীনতা পুরস্কার দেবেন প্রধানমন্ত্রী
৩।  সমরাস্ত্র প্রদর্শনী উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী
৪।  আন্তর্জাতিক ফোরামে ২৫ মার্চ গণহত্যার বিষয়টি তুলে ধরবে জাতিসংঘ
পাক-বাহিনী ও এদেশে তাদের দোসররা এ গণহত্যায় জড়িত : প্রধানমন্ত্রী
৫।  জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের নতুন ক্যাম্পাসের নকশা দেখলেন প্রধানমন্ত্রী
৬।  ২৫ মার্চ গণহত্যা দিবসের স্বীকৃতির কাজ চলছে : মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী
৭।  কৃষি গবেষণা ও সম্প্রসারণের মধ্যে সমন্বয় করতে হবে : কৃষিমন্ত্রী
৮।  মাদকে জড়িতরা ভালো হওয়ার সুযোগ পাবেন : স্বরাষ্ট্রমন্ত্রী
৯।  কেবল আইনি প্রক্রিয়াতেই খালেদা জিয়ার মুক্তি সম্ভব হতে পারে : রাজশাহীতে আইনমন্ত্রী
১০।  প্রশিক্ষণে অর্জিত জ্ঞান কাজে লাগাতে হবে : স্থানীয় সরকারমন্ত্রী
১১।  আর্জেন্টিনার বুয়েন্স আয়ার্সে দূতাবাস খোলার বিষয় বিবেচনাধীন : পররাষ্ট্রমন্ত্রী
১২।  চিনিকলে উৎপাদনে বৈচিত্র্য আনার নির্দেশ শিল্পমন্ত্রীর
১৩।  আগামী বছর থেকে তৃতীয় শ্রেণী পর্যন্ত পরীক্ষা বাতিল
১৪।  হজযাত্রীদের ইমিগ্রেশন এখন বাংলাদেশেই সম্পন্ন হবে : ধর্ম প্রতিমন্ত্রী
১৫।  স্বাধীনতা দিবসে যানবাহন চলাচলে নির্দেশনা
১৬।  শিল্পী শাহনাজ রহমতুল্লাহর মৃত্যুতে প্রধানমন্ত্রীর শোক

চলমান পাতা-২

**১। আজ ২৫ মার্চ গণহত্যা দিবস**

আজ ২৫ মার্চ গণহত্যা দিবস। পাকিস্তানি সেনাবাহিনী এদিনে ‘অপারেশন সার্চলাইট’ নামে ইতিহাসের ভয়াবহ হত্যাকাণ্ড পরিচালনা করে। দিনটির স্মরণে জাতীয় পর্যায়ে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে। এ উপলক্ষে আজ রাত ৯টা থেকে ৯ টা **১** মিনিট পর্যন্ত **১** মিনিটের জন্য জরুরি স্থাপনা ও চলমান যানবাহন ব্যতীত সারাদেশে প্রতীকী ব্ল্যাকআউট কর্মসূচি বাস্তবায়ন করা হবে। সেই নৃশংস হত্যাকাণ্ডের দিনটিকে গভীর শোক ও শ্রদ্ধার সঙ্গে স্মরণ করছে জাতি। দিনটি স্মরণে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা গভীর শোক প্রকাশ করে বাণী দিয়েছেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৭), **ডেইলি সান** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

**২। আজ স্বাধীনতা পুরস্কার দেবেন প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশের **১২** জন বিশিষ্ট ব্যক্তি ও একটি প্রতিষ্ঠানকে তাদের স্ব-স্ব ক্ষেত্রে গৌরবময় ও অসামান্য অবদান রাখার স্বীকৃতিস্বরূপ আজ (২৫ মার্চ সোমবার) স্বাধীনতা পুরস্কার-২০১৯ প্রদান করবেন। মহান স্বাধীনতা দিবসের প্রাক্কালে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে এক অনুষ্ঠানে প্রধানমন্ত্রী দেশের সর্বোচ্চ বেসামরিক নাগরিক সম্মাননা তাঁদের হাতে তুলে দেবেন। সরকার গত **১০** মার্চ এ বছরের স্বাধীনতা পুরস্কারের জন্য **১২** জন বিশিষ্ট ব্যক্তি ও একটি প্রতিষ্ঠানের নাম ঘোষণা করে। সূত্র **: সংবাদ** (শেষ পৃ.ক.৪**), জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **অবজারভার** (পৃ.১,ক.১), **নিউ নেশন** (শেষ পৃ,ক.৪)।

**৩। সমরাস্ত্র প্রদর্শনী উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে সামরিক বাহিনীর সমরাস্ত্র প্রদর্শনীর উদ্বোধন করেছেন। গতকাল (২৪ মার্চ রোববার) রাজধানীর তেজগাঁও পুরনো বিমানবন্দরের জাতীয় প্যারেড স্কয়ারে তিনি সপ্তাহব্যাপী সেনা, নৌ ও বিমানবাহিনীর সম্মিলিত সমরাস্ত্র প্রদর্শনীর উদ্বোধন করেন। প্রধানমন্ত্রী প্রদর্শনীস্থলে এসে পৌঁছলে সেনাবাহিনী প্রধান, নৌবাহিনী প্রধান এবং বিমানবাহিনী প্রধান তাঁকে অভ্যর্থনা জানান। প্রধানমন্ত্রী সেনা, নৌ ও বিমানবাহিনীর বিভিন্ন স্টল ও প্যাভেলিয়ন ঘুরে দেখেন এবং সমরাস্ত্র পরিদর্শন করেন। সূত্র-**সমকাল** (শেষ পৃ,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **অবজারভার** (শেষ পৃ,ক.৮), **নিউজ টুডে** (পৃ.১,ক.৮)।

**৪। আন্তর্জাতিক ফোরামে ২৫ মার্চ গণহত্যার বিষয়টি তুলে ধরবে জাতিসংঘ**
**পাক-বাহিনী ও এদেশে তাদের দোসররা এ গণহত্যায় জড়িত : প্রধানমন্ত্রী**

বাংলাদেশে **১৯৭১** সালের মুক্তিযুদ্ধকালে পাকিস্তানের চালানো গণহত্যার বিষয়টি আন্তর্জাতিক ফোরামে তুলে ধরবে জাতিসংঘ। জাতিসংঘের আন্ডার সেক্রেটারি জেনারেল এবং প্রিভেনশন অভ্ জেনোসাইড বিষয়ক বিশেষ উপদেষ্টা অ্যাডামা ডিয়েঙ্গ গতকাল (২৪ মার্চ রোববার) প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে তাঁর কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎকালে একথা বলেন। অ্যাডামা ডিয়েঙ্গ বলেন, যদিও কিছু কিছু দেশ এর বিরোধিতা করবে, তবু আমরা মুক্তিযুদ্ধকালে বাংলাদেশে চালানো পাকিস্তানের গণহত্যার বিষয়টি আন্তর্জাতিক ফোরামে উত্থাপন করব। এ সময় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, **১৯৭১** সালের ২৫ মার্চ এ দেশে গণহত্যা হয়েছিল। দেশের সাধারণ মানুষকে নির্বিচারে গুলি করে হত্যা করা হয়। পাকিস্তানি হানাদার বাহিনী ও এদেশে তাদের দোসররা এ গণহত্যা চালিয়েছে। পাকিস্তানি দখলদার বাহিনী **১৯৭১** সালের ২৫ মার্চ এদেশে যে গণহত্যা শুরু করে তা স্মরণ করে প্রধানমন্ত্রী শেখ হাসিনা আরো বলেন, পাকিস্তানি দখলদার বাহিনী এবং তাদের এদেশীয় দোসররা প্রায় ৩০ লাখ মানুষকে হত্যা এবং দুই লাখ মা-বোনের ইজ্জত নষ্ট করে। প্রধানমন্ত্রী এবং জাতিসংঘের আন্ডার সেক্রেটারি জেনারেল রোহিঙ্গা ইস্যু নিয়েও আলোচনা করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **সমকাল** (পৃ.২,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.২), **ডেইলি সান** (পৃ.১,ক.২)।

**৫। জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের নতুন ক্যাম্পাসের নকশা দেখলেন প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল জগন্নাথ বিশ্ববিদ্যালয় (জেএনইউ)-এর নতুন ক্যাম্পাস ও বিদ্যুৎ ব্যবস্থাপনা ইনস্টিটিউটের নকশা দেখেন। নতুন ক্যাম্পাস ও বিদ্যুৎ ব্যবস্থাপনা ইনস্টিটিউট কেরানীগঞ্জে নির্মিত হবে। গতকাল (২৪ মার্চ রোববার) প্রধানমন্ত্রীর কার্যালয়ে একটি পাওয়ারপয়েন্ট উপস্থাপন করা হয়। প্রধানমন্ত্রী জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের নতুন ক্যাম্পাস ও বিদ্যুৎ ব্যবস্থাপনা ইনস্টিটিউটের নকশা দেখে সন্তোষ প্রকাশ করেন। তিনি বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে বিশ্ববিদ্যালয় স্থাপনে পর্যাপ্ত খেলার মাঠ এবং জলাশয়ের ব্যবস্থা রাখার নির্দেশ দিয়েছেন। সূত্র **: সংবাদ (**শেষ পৃ.ক.৫**), ইত্তেফাক** (পৃ.১৯,ক.৬), **অবজারভার** (পৃ.৩,ক.৫), **নিউ নেশন** (পৃ.৩,ক.১)।

৬। **২৫ মার্চ গণহত্যা দিবসের স্বীকৃতির কাজ চলছে : মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী**

একাত্তরের ২৫ মার্চ পাকিস্তানি হানাদার বাহিনী বাঙালির ওপর বর্বরোচিত গণহত্যা চালানোর দিনটিকে আন্তর্জাতিক গণহত্যা দিবস হিসেবে স্বীকৃতি নেওয়ার কাজ চলছে। গতকাল (২৪ মার্চ রোববার) জাতীয় প্রেসক্লাবে 'সম্প্রীতি বাংলাদেশ' আয়োজিত 'একাত্তরের ২৫ মার্চের গণহত্যা ও আমাদের ভাবনা' শীর্ষক আলোচনাসভায় প্রধান অতিথির বক্তব্যে মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক এসব কথা বলেন। মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী আক্ষেপ করে বলেন, ২০১৫ সালে জাতিসংঘ যখন আন্তর্জাতিক গণহত্যা দিবস পালনের সিদ্ধান্ত নেয়, তখন বাংলাদেশের কূটনীতিকরা ২৫ মার্চের গণহত্যার প্রেক্ষাপট সঠিকভাবে তুলে ধরতে পারেননি। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৬), **সংবাদ** (পৃ.১,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.২)।

৭। **কৃষি গবেষণা ও সম্প্রসারণের মধ্যে সমন্বয় করতে হবে : কৃষিমন্ত্রী**

কৃষি গবেষণা ও সম্প্রসারণের মধ্যে সমন্বয় আরো জোরালো করতে হবে। গবেষণা প্রতিষ্ঠান থেকে উদ্ভাবিত প্রযুক্তিগুলো দ্রুত মাঠে সম্প্রসারণ করলে আমাদের কৃষকরা বেশি উপকৃত হবে। মাটি পরীক্ষার মাধ্যমে সুষম সার জমিতে ব্যবহার করতে হবে। মাটির স্বাস্থ্য রক্ষা করতে হবে। না হলে ভালো ফসল উৎপাদন করা সম্ভব নয়। মাটির স্বাস্থ্য রক্ষায় সবাইকে সচেতন হতে হবে। গতকাল (২৪ মার্চ রোববার) রাজধানীর খামারবাড়ির আ কা মু গিয়াস উদ্দিন মিলকী অডিটোরিয়ামে 'গোপালগঞ্জ-খুলনা-বাগেরহাট-সাতক্ষীরা-পিরোজপুর জেলায় কৃষি উন্নয়ন প্রকল্প (এসআরডিআই অঙ্গ) এর প্রারম্ভিক কর্মশালা ও 'রিভার ওয়াটার স্যালাইনটি অব বাংলাদেশ' শীর্ষক প্রকাশনার মোড়ক উন্মোচন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে কৃষিমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৪,ক.৭), **জনকণ্ঠ** (পৃ.৪,ক.৭)।

৮। **মাদকে জড়িতরা ভালো হওয়ার সুযোগ পাবেন : স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, মাদকের সঙ্গে জড়িতদের চিহ্নিত করা হয়েছে, তাদের ভালো হওয়ার সুযোগ দেওয়া হবে। ভালো না হলে তাদের নির্মূল করা হবে। তিনি বলেন, মাদকসেবীদের সুস্থ করে তুলতে প্রত্যেক জেলা হাসপাতালে আলাদা বেড থাকবে। অবশ্যই দেশ থেকে মাদক নির্মূল করা হবে। প্রধানমন্ত্রীর নির্দেশে মাদকের ব্যাপারে পুলিশ জিরো টলারেন্স ভূমিকা পালন করছে। বনদস্যু, জলদস্যুসহ নানা পরিচয়ে দুর্বৃত্তরা সমাজবিরোধী কর্মকাণ্ড করছে। তাদেরকে অবশ্যই নির্মূল করা হবে। তিনি বলেন, সড়কে চাঁদাবাজি বন্ধের ব্যবস্থাও নেওয়া হয়েছে। ফুলছড়ি উপজেলার নাপিতের হাট সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে গতকাল (২৪ মার্চ রোববার) মাদকবিরোধী সুধী সমাবেশে স্বরাষ্ট্রমন্ত্রী প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। সূত্র : **যুগান্তর** (পৃ.২,ক.৮), **সমকাল** (পৃ.৪,ক.১), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.১)।

৯। **কেবল আইনি প্রক্রিয়াতেই খালেদা জিয়ার মুক্তি সম্ভব হতে পারে : রাজশাহীতে আইনমন্ত্রী**

আন্দোলন করে নয়, একমাত্র আইনি প্রক্রিয়াতেই খালেদা জিয়ার মুক্তি সম্ভব হতে পারে বলে মন্তব্য করেছেন আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী আনিসুল হক। গতকাল (২৪ মার্চ রোববার) রাজশাহী আইনজীবী সমিতির (বার ভবন) নতুন ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠান শেষে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে আইনমন্ত্রী এ মন্তব্য করেন। এখন দেশে আর প্রতিহিংসার কোনো রাজনীতি হয় না বলেও উল্লেখ করেন আইনমন্ত্রী। এর আগে মন্ত্রী রাজশাহীর আদালত চত্বরে অ্যাডভোকেট বার অ্যাসোসিয়েশনের বহুতল ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। **সূত্র : সংবাদ** (শেষ পৃ.ক.৫), **ইত্তেফাক** (পৃ.২,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৬), **নিউজ টুডে** (পৃ.২,ক.৬)।

১০। **প্রশিক্ষণে অর্জিত জ্ঞান কাজে লাগাতে হবে : স্থানীয় সরকারমন্ত্রী**

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী মো. তাজুল ইসলাম বলেছেন, সাফল্য লাভের জন্য শুধু প্রশিক্ষণ দিলেই হবে না তা যথাযথভাবে কাজে লাগাতে হবে এবং ফলাফল নির্ভর প্রশিক্ষণের ওপর জোর দিতে হবে। গতকাল (২৪ মার্চ রোববার) রাজধানীর আগারগাঁওস্থ জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি) এর কার্যালয়ে কর্মকর্তাদের সাথে এক মতবিনিময়সভায় তিনি এসব কথা বলেন। এরপরে মন্ত্রী রাজধানীর আগারগাঁওস্থ এলজিইডি মিলনায়তনে আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে শ্রেষ্ঠ আত্মনির্ভরশীল নারী সম্মাননা পুরস্কার-২০১৯ প্রদান করেন ১০ জন সফল নারীকে। এ বছরের প্রতিপাদ্য ছিল 'সবাই মিলে ভাবো, নতুন কিছু করো, নারী-পুরুষ সমতার নতুন বিশ্ব গড়ো'। সূত্র : **সংবাদ** (পৃ.৪,ক.১), **ইনকিলাব** (পৃ.৮,ক.২), **বাংলাদেশ টুডে** (পৃ.২,ক.১), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৫)।

**১১। আর্জেন্টিনার বুয়েন্স আয়ার্সে দূতাবাস খোলার বিষয় বিবেচনাধীন : পররাষ্ট্রমন্ত্রী**

আর্জেন্টিনা প্রবাসী বাঙালিদের বিভিন্ন দাবি-দাওয়ার বিষয়ে একমত পোষণ করে পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আবদুল মোমেন বলেছেন, বুয়েন্স আয়ার্সে দূতাবাস খোলার বিষয়টি সরকারের বিবেচনাধীন। এছাড়া এখানে একজন অনারারি কনসাল নিয়োগের বিষয়টিও প্রক্রিয়াধীন। গত ২২ মার্চ শুক্রবার আর্জেন্টিনার বুয়েন্স আয়ার্স মহানগীর ক্যাষ্টেলার হোটেলে আর্জেন্টিনা বাংলাদেশ চেম্বার অভ্ কমার্স অ্যান্ড ইণ্ডাষ্ট্রি আয়োজিত সংবর্ধনাসভায় তিনি এসব কথা বলেন। সূত্র : **যুগান্তর** (পৃ.১৭,ক.৫)।

**১২। চিনিকলে উৎপাদনে বৈচিত্র্য আনার নির্দেশ শিল্পমন্ত্রীর**

প্রতিযোগিতায় টিকে থাকতে হলে চিনি কলগুলোতে শুধু চিনি উৎপাদন করলেই চলবে না, চিনি জাতীয় অন্য খাদ্যপণ্যও উৎপাদন করতে হবে। এতে পণ্যের বৈচিত্রকরণ হবে ও চাহিদা বাড়বে। গতকাল ২০১৮-২০১৯ অর্থবছরে শিল্প মন্ত্রণালয়ের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে (এডিপি) অন্তর্ভুক্ত প্রকল্পগুলোর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভায় শিল্পমন্ত্রী এ নির্দেশ দেন। শিল্প মন্ত্রণালয়ে এ সভা অনুষ্ঠিত হয়। তিনি আসন্ন ঈদ-উল-আজহার আগেই চামড়া শিল্পনগরীর কাজ সমাপ্ত করার তাগিদ দেন। ঈদের সময় চামড়া প্রক্রিয়াজাতকরণ নিয়ে যাতে কোনো ধরনের সমস্যা না হয়, সে লক্ষ্যে এখন থেকেই সর্বোচ্চ সতর্ক থেকে কাজ করার জন্য তিনি চামড়া শিল্পনগরী প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশনা দেন। **সূত্র : সংবাদ** (পৃ.১৪,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৫), **নিউ নেশন** বিজনেস পাতা (পৃ.১,ক.৫), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.১)।

**১৩। আগামী বছর থেকে তৃতীয় শ্রেণী পর্যন্ত পরীক্ষা বাতিল**

প্রাথমিক বিদ্যালয়ে তৃতীয় শ্রেণী পর্যন্ত আনুষ্ঠানিক পরীক্ষা তুলে দেওয়ার চিন্তা বাস্তবায়ন করা হবে আগামী বছর থেকে। এ বছরও বার্ষিকসহ আনুষ্ঠানিক তিন পরীক্ষা নেওয়া হবে। আগামী বছর থেকে এ তিন শ্রেণীর শিক্ষার্থীদের ধারাবাহিক মুল্যায়নের (সিএ) অধীনে আনা হবে। আনুষ্ঠানিক পরীক্ষা তুলে দেওয়ার লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম চলছে। গতকাল (২৪ মার্চ রোববার) সচিবালয়ে সংবাদসম্মেলনে এ তথ্য জানান প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী মো. জাকির হোসেন। তিনি বলেন, শিক্ষার্থীদের স্বাভাবিক বিকাশ যাতে বিঘ্নিত না হয় সেজন্য এ পরীক্ষা তুলে দিতে প্রধানমন্ত্রী নির্দেশনা দিয়েছেন। সে অনুযায়ী প্রাথমিক বিদ্যালয়ে তৃতীয় শ্রেণী পর্যন্ত পরীক্ষা তুলে দিতে কাজ শুরু হয়েছে। এ পদ্ধতি চালু হলে বিশেষ মূল্যায়নের মাধ্যমে শিক্ষার্থীদের পরবর্তী ক্লাসে পদোন্নতি দেওয়া হবে। আগামী বছর থেকে এটি বাস্তবায়ন করা হবে। এর আগে শিক্ষাবিদসহ বিশিষ্ট ব্যক্তিদের পরামর্শ নেওয়া হবে। প্রাথমিক শিক্ষা সমাপনী (পিইসি) পরীক্ষার ভিত্তিতে শিক্ষার্থীদের দেওয়া বৃত্তির ফল প্রকাশ উপলক্ষে ঐ সংবাদসম্মেলন আয়োজন করা হয়। সূত্র : **যুগান্তর** (পৃ.২,ক.২), **সমকাল** (পৃ.১,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮), **অবজারভার** (পৃ.১,ক.৬)।

**১৪। হজযাত্রীদের ইমিগ্রেশন এখন বাংলাদেশেই সম্পন্ন হবে : ধর্ম প্রতিমন্ত্রী**

চলতি মৌসুম থেকেই বাংলাদেশে হজযাত্রীদের ইমিগ্রেশনের কাজ সম্পন্ন হতে পারে বলে জানিয়েছেন ধর্ম প্রতিমন্ত্রী শেখ মো. আবদুল্লাহ। তিনি বলেছেন, ধর্ম মন্ত্রণালয়ের প্রস্তাবের ভিত্তিতে এর মধ্যে সৌদি আরবের একটি প্রতিনিধিদল ঢাকা সফর করেছে। তারা চলতি মৌসুম থেকেই বাংলাদেশে হজযাত্রীদের ইমিগ্রেশনের কাজ সম্পন্ন করার বিষয়ে ইতিবাচক মত দিয়েছেন। গতকাল (২৪ মার্চ রোববার) সচিবালয়ে নিজ কার্যালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ কথা বলেন। **সূত্র : সংবাদ** (শেষ পৃ.ক.৫), **জনকণ্ঠ** (শেষ পৃ.ক.৬), **নিউ নেশন** (পৃ.৩,ক.৬), **অবজারভার** (শেষ পৃ,ক.১)।

**১৫। স্বাধীনতা দিবসে যানবাহন চলাচলে নির্দেশনা**

আগামীকাল ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস উপলক্ষে রাজধানী এবং ঢাকা থেকে সাভার পর্যন্ত যানবাহন চলাচল নিয়ন্ত্রণ করবে পুলিশের ট্রাফিক বিভাগ। এ দিন বঙ্গভবনে রাষ্ট্রপতির সঙ্গে সাক্ষাৎ এবং বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে স্বাধীনতা দিবসের অনুষ্ঠান এবং সাভারে জাতীয় স্মৃতিসৌধে শ্রদ্ধা নিবেদন উপলক্ষে নির্দিষ্ট সময় যানবাহন চলাচল নিয়ন্ত্রণে থাকবে। ডিএমপি কমিশনার আসাদুজ্জামান মিয়া স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ কথা জানানো হয়েছে। সূত্র : **সংবাদ** (শেষ পৃ.ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.৬)।

১৬। **শিল্পী শাহনাজ রহমতুল্লাহর মৃত্যুতে প্রধানমন্ত্রীর শোক**

কিংবদন্তি শিল্পী শাহনাজ রহমতুল্লাহ গত ২৩ মার্চ শনিবার রাতে বারিধারায় নিজ বাসায় ইন্তেকাল করেন। শিল্প শাহনাজ রহমতুল্লাহর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এক শোকবার্তায় প্রধানমন্ত্রী মরহুমার আত্মার মাগফিরাত কামনা করেন এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি সমবেদনা জানান। এ ছাড়া শোক জানিয়েছেন তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ। সূত্র : **যুগান্তর** (পৃ.৩,ক.৬), **অবজারভার** (পৃ.১,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.২,ক.৪), **নিউজ টুডে** (পৃ.২,ক.১)।

**সম্পাদকীয়**

**ক.** **ইত্তেফাক, যুগান্তর, ডেইলি সান, অবজারভার :** সড়ক দুর্ঘটনায় একের পর এক মৃত্যুর ঘটনায় উদ্বেগ প্রকাশ করে এব্যাপারে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

**খ.** **সমকাল, যায়যায়দিন :** ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) ও সংশ্লিষ্ট হল সংসদের নবযাত্রা শুরু হওয়ায় স্বাগত জানিয়ে সংশ্লিষ্ট সবাই দায়িত্বশীলতার পরিচয় দিয়ে সুস্থ রাজনীতি চর্চা করবে বলে প্রত্যাশা ব্যক্ত।

**গ.** **বণিক বার্তা :** সোলার হোম সিস্টেমের মেয়াদোত্তীর্ণ ব্যাটারির ব্যবস্থাপনা সম্পর্কিত কোনো নীতিমালা দেশে না থাকায় সাধারণ বর্জ্যের মতো ব্যবস্থাপনার কারণে পরিবেশ দূষণের নতুন ঝুঁকি হয়ে উঠছে এসব ব্যাটারি উল্লেখ করে অবিলম্বে এ ব্যাপারে ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

**ঘ.** **যায়যায়দিন, জনকণ্ঠ :** আজ ২৫ মার্চ কালরাত উল্লেখ করে **১৯৭১** সালের এ দিনের ভয়াল রাতে যাঁরা প্রাণ উৎসর্গ করেছেন তাদের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন।

**ঙ.** **ডেইলি সান :** অলস জীবনযাপন এবং অস্বাস্থ্যকর ভেজাল খাদ্যের জন্য দেশে কিডনি রোগে আক্রান্তের সংখ্যা বাড়ছে, ডাক্তারদের এ অভিমত আমলে নিয়ে স্বাস্থ্যকর খাদ্য, নিয়মিত ব্যায়ামের মাধ্যমে সুস্বাস্থ্য বজায় রাখার আহ্বান।

**চ.** **ইন্ডিপেনডেন্ট, এশিয়ান এজ :** সারাদেশে ভয়ংকর মাদক ইয়াবার বিস্তারে উদ্বেগ প্রকাশ করে সব ধরনের মাদকের আগ্রাসনরোধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

**উপসম্পাদকীয়**

**বণিক বার্তা** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, শিক্ষার মাধ্যমে মানবাধিকার উন্নয়ন প্রক্রিয়া ত্বরান্বিত করতে বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের পাঠ্যসূচিতে মানবাধিকার শিক্ষার বিষয়টি অন্তর্ভুক্ত করতে হবে।

**নিবন্ধ ও ফিচার**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'সুস্থ জীবনের জন্য চাই বিশুদ্ধ পানি'** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, জনস্বাস্থ্যকে সম্পূর্ণভাবে হুমকিমুক্ত করতে বিশুদ্ধ পানির নিশ্চয়তা বিধান করতে হবে।

#

ডালিয়া/ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৯/৯.০০ঘন্টা